



বাংলাদেশ পর্যটন করপোরেশন
পরিকল্পনা-১ শাখা



...

সভাপতি	আবেদা আকতার পরিচালক
সভার তারিখ	২৭ জুলাই ২০২০ সোমবার
সভার সময়	বেলা ১২:১৫ মিনিট
স্থান	বাপক প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২। আলোচনা।

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত ২০২০-২০২১ অর্থবছরে ইনোভেশন কর্মপরিকল্পনার ছক মোতাবেক বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) এর ২০২০-২০২১ অর্থবছরের বাস্তবায়িতব্য ইনোভেশন কর্মপরিকল্পনা চূড়ান্তকরণে আলোচনা ও মতামত গ্রহন করেন। সে সংগে “ইনোভেশন কর্মপরিকল্পনায় মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা” নিয়ে রচিত খসড়া কপি নিয়েও আলোচনায় ও মতামত গ্রহন করেন। তাছাড়া গত ১৯ জুলাই ২০২০ তারিখ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ইনোভেশন টিম এর সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ নিয়েও আলোচনা করা হয়। সেবা সহজীকরণ/উদ্ভাবন/ডিজিটাল সেবা বিষয়ক আহ্বানকৃত উদ্ভাবনী আইডিয়া বিষয়ে মন্ত্রণালয়ের গত সভার সিদ্ধান্ত মোতাবেক আইডিয়া জমাদানের সময়সীমা বৃদ্ধির প্রস্তাব করা হয়।

৩। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১। বাপক ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ ও “ইনোভেশন কর্মপরিকল্পনায় মহামারী/আপদকাল মোকাবেলায় বিশেষ পদক্ষেপের রূপরেখা” এর চূড়ান্ত খসড়া চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন স্বাপেক্ষে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ সহ অন্যান্য কার্যাবলী সম্পাদন করতে হবে।

(বাস্তবায়নে পরিকল্পনা-১ শাখা)

৩.২। সেবা সহজীকরণ/উদ্ভাবন/ডিজিটাল সেবা বিষয়ক আহ্বানকৃত উদ্ভাবনী আইডিয়া জমাদানের সময়সীমা আগামি ১০ আগস্ট ২০২০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করে জরুরী অফিস আদেশ জারী করতে হবে।

(বাস্তবায়নে পরিকল্পনা-১ শাখা)

৩.৩। বাপক কর্মকর্তা ও কর্মচারীদের প্রদত্ত আইডিয়াগুলো আগামি ১৩ আগস্ট ২০২০ তারিখ বাপক ইনোভেশন কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বাপক এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন কমিটি কর্তৃক ভেটিং করে নির্বাচিত ও বাপক কর্তৃক বাস্তবায়িতব্য আইডিয়াগুলো আগামি ২০ আগস্ট ২০২০ তারিখ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।


(বাস্তবায়নে পরিকল্পনা-১ শাখা)

৪। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবেদা আকতার
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব ও নিয়ন্ত্রক, হোটেল ও রেস্টোরাঁ সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ২) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) পরিচালক, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) পরিচালক , পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৯) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (বিপণন) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১০) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১১) অধ্যক্ষ (এনএইচটিআই) (ভারপ্রাপ্ত), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১২) ব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা , বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৩) ব্যবস্থাপক , বাণিজ্যিক বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৪) ব্যবস্থাপক, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৫) নির্বাহী প্রকৌশলী (সিভিল)-২, পূর্ত বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৬) উপব্যবস্থাপক , পরিকল্পনা-১ শাখা , বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৭) উর্দ্ধতন প্রশিক্ষণ কর্মকর্তা, ট্রাভেল এজেন্সি এন্ড টুর অপারেশনস, এনএইচটিআই, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৮) উপব্যবস্থাপক, প্রশাসন শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৯) সহকারী নির্বাহী কর্মকর্তা , আইসিটি বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন


মোঃ সাজেদুল কবির
উপব্যবস্থাপক